আশুগঞ্জ সার কারখানা কলেজ

বার্ষিক পরীক্ষা- ২০২০ খ্রিঃ

শ্রেণিঃ একাদশ, বিষয়ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র, (সৃজনশীল প্রশ্ন)

সময়ঃ ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমানঃ ৭০

[বিশেষ দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের উত্তর দাও।]

ক- বিভাগ (আবশ্যিক)

১। বাদশা সার্ভিসিং সেন্টারের ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ:

রেওয়ামিল

ডেবিট ৩১ ডিসেম্বর, ২০১৭ ক্রেডিট

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
হাতে নগদ	৪০,০০০	মূলধন	৮৫,০০০
প্রাপ্য হিসাব	৫০,০০০	সেবা আয়	৭০,০০০
অগ্রিম বিমা	১০,০০০	অবচয় সঞ্চিতি- আসবাবপত্র	৫,০০০
বেতন খরচ	১২,০০০	অনুপার্জিত সেবা আয়	৮,০০০
ভাড়া খরচ	১৫,০০০	প্রদেয় হিসাব	২৫,০০০
সাপ্লাইজ	২৪,০০০		
আসবাবপত্র	৪০,০০০		
উত্তোলন	২,০০০		
	১,৯৩,০০০		১,৯৩,০০০

সমন্বয়সমূহ: ১) প্রতি মাসে বিমা খরচ অতিক্রান্ত হয় ৭৫০ টাকা। ২) বছর শেষে অব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ৪,০০০ টাকা। ৩) অনুপার্জিত সেবা আয়ের ৬,০০০ টাকা অর্জিত হয়েছে। ৪) আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য কর।

ক) নিট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ) নিট সেবা আয় ৮০,০০০ টাকা ধরে নিট আয়/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ) নিট আয় ১৬,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

২। শরীফ ট্রের্ডাসের ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ছিল নিম্নরূপ:

রেওয়ামিল

ডেবিট ৩১ ডিসেম্বর, ২০১৬ ক্রেডিট

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৫০,০০০	বিক্রয় (১৫% ভ্যাটসহ)	২,৮৭,৫০০
ক্রয় (১৫% ভ্যাটসহ)	১,৯৫,০০০	প্রদেয় হিসাব	৪০,০০০
মজুরি	২০,০০০	অনাদায়ী পাওনা সঞ্চিতি	৫,০০০
বেতন	৩৬,০০০	ব্যাংক জমাতিরিক্ত	১১,৫০০

বিজ্ঞাপন	২০,০০০	মূলধন	৪,২৯,৫০০
প্রাপ্য হিসাব	৫০,০০০	ভ্যাট চলতি হিসাব	৩০,০০০
আসবাবপত্র	১,০০,০০০		
যন্ত্রপাতি	২,০০,০০০		
ভাড়া	৪০,০০০		
বিক্রয় পরিবহন	৫০,০০০		
অনাদায়ী পাওনা	২,০০০		
হাতে নগদ	৪০,০০০		
	৮,০৩,৫০০		৮,০৩,৫০০

সমন্বয়সমূহ: ১) সমাপনী মজুদ পণ্য ৬০,০০০ টাকা। ২) বকেয়া মজুরি ২,০০০ টাকা। ৩) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য কর। ৪) যন্ত্রপাতির ওপর ১০% অবচয় ধার্য কর।

ক) ভ্যাট চলতি হিসাব তৈরি কর। ২

খ) বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ) মোট আয় ১,১০,০০০ টাকা ধরে ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী তৈরি কর। ৪

খ- বিভাগ (যেকোন ৫টি)

৩। সামিট পাওয়ার কোম্পানির ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নে দেওয়া হলো:

রেওয়ামিল

ডেবিট ৩১ ডিসেম্বর, ২০১৫ ক্রেডিট

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
প্রারম্ভিক নগদ	৫,০০০	মূলধন	৩২,০০০
সমাপনী নগদ	৭,৫০০	বিশেষ সঞ্চিতি	১,২০০
মজুদ পণ্য (১/১/১৫)	২,৫০০	অগ্রিম শিক্ষানবিশ সেলামি	১,৩০০
মজুদ পণ্য (৩১/১২/১৫)	১,০০০	প্রদত্ত ঋণ	৫,৫০০
প্রদেয় হিসাব	৩,৫০০	সাধারণ সঞ্চিতি	১,৪০০
প্রাপ্য হিসাব	১,৫০০	বিবিধ প্রাপ্তি	১,১০০
অনুপার্জিত ভাড়া	২,০০০		
প্যাটেন্ট	৬,০০০		
ট্রেডমার্ক	৩,০০০		
সুনাম	৭,০০০		
পণ্য বিক্রয়	৭,৫০০		
প্রারম্ভিক ব্যাংক জমা	১০,০০০		
সমাপনী ব্যাংক জমা	৯,০০০		

প্রারম্ভিক মনিহারি সমাপনী মনিহারি	৫০০ ২,০০০০		

ক) যে সমস্ত দফাগুলো রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় কর। ২

খ) উপরোক্ত রেওয়ামিল থেকে মোট সম্পদ ও দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ) উপরোক্ত খতিয়ান উদ্বৃত্তগুলো থেকে একটি রেওয়ামিল তৈরি কর। ৪

৪। ২০১৯ সালের এপ্রিল মাসে মেসার্স সোনালী এন্টারপ্রাইজের ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপঃ

এপ্রি-১. মালিক ৫০,০০০ টাকা ব্যবসায়ে অতিরিক্ত বিনিয়োগ করেন।

"- ৫. নগদে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।

"- ৬. নগদ বিক্রয় ২০,০০০ টাকা।

"-১২. বিজ্ঞাপন খরচ প্রদান ৫,০০০ টাকা।

"-১৬. সিমলার নিকট পাওনা ১৫,০০০ টাকা পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ১৪,৭৫০ টাকা নগদে পাওয়া গেল।

"-১৮. ইমনের নিকট দেনা ১২,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ১২,৪০০ টাকা নগদে প্রদত্ত হলো।

"-২২. আশরাফের নিকট হতে অফিস সরঞ্জামাদি ক্রয় ৪০,০০০ টাকা (৫০% নগদে ও ৫০% ধারে)।

"-২৬. শিহাবের নিকট ধারে বিক্রয়বাবদ প্রাপ্য ২০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ১৯,৫৫০ টাকা পাওয়া গেল।

"-২৮. সুদ পাওয়া গেল ৩,০০০ টাকা।

"-৩০. সাদমানের নিকট দেনা ১৭,৫০০ টাকা পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ১৭,২৫০ টাকা প্রদত্ত হল।

ক) নগদ প্রাপ্তি ও প্রদান জাবেদায় লিপিবদ্ধ হবে না এমন লেনদেনের সাধারণ জাবেদা দেখাও। ২

খ) উপরোক্ত লেনদেনগুলো দ্বারা একটি নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

গ) উপরোক্ত লেনদেনগুলো দ্বারা একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

৫। মি. আমিন ১ জানুয়ারি ২০১৭ তারিখে নগদ ৭৫,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। জানুয়ারি মাসে ব্যবসায় লেনদেনসমূহ নিম্নরূপঃ

জানু-৩. পণ্য ক্রয় করা হলো ২৫,০০০ টাকা, যার ১২,০০০ টাকা নগদে এবং অবশিষ্টাংশ ধারে।

"- ৪. আসবাবপত্র ক্রয় ৭,০০০ টাকা।

"- ৬. ভাড়া দেয়া হল ৯,০০০ টাকা, যার $\frac{১}{৩}$ অংশ ব্যক্তিগত ব্যবহারের জন্য।

"- ৮. জামালের নিকট থেকে পণ্য ফেরত পাওয়া গেল ১,৩০০ টাকা।

"-১১. রাকিবের নিকট থেকে পণ্য ক্রয় ৯,৬০০ টাকা।

"-১৬. ৪,২০০ টাকার প্রদেয় নোট নগদে পরিশোধ করা হয়।

”-১৯. আলিমের নিকট পণ্য বিক্রয় করা হয় ৫,৩০০ টাকা।
”-২৫. নগদে কর্মচারীদের বেতন দেয়া হল ৫,০০০ টাকা এবং চেক দ্বারা বিজ্ঞাপন বিল দেওয়া হল ৯০০ টাকা।

ক) জানুয়ারি মাসে মোট ক্রয়ের পরিমাণ দেখাও। ২
খ) নগদান বই এ লিপিবদ্ধ হবে না এরূপ লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। ৪
গ) উল্লেখিত লেনদেনগুলো দ্বারা একখানা দু’ঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৬। রিপা এন্টারপ্রাইজের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ:

রিপা এন্টারপ্রাইজ
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ তহবিল	১০,৮০০	
সাপ্লাইজ	৩,৪০০	
অগ্রিম বিমা	৫,০০০	
যন্ত্রপাতি	৩০,০০০	
পুঞ্জিভূত অবচয়- যন্ত্রপাতি		৫,০০০
প্রদেয় নোট		৫,০০০
মূলধন		৩০,৮০০
প্রাপ্য হিসাব	৫,৬০০	
সেবা আয়		৪০,০০০
উত্তোলন	৪,০০০	
বেতন ($\frac{৪}{৫}$ অংশ)	১৬,০০০	
উপযোগ খরচ	৬,০০০	
	৮০,৮০০	৮০,৮০০

অন্যান্য তথ্য: ১) বিমার মেয়াদ উর্ত্তীণ হয়েছে ২,০০০ টাকা। ২) হিসাবকাল শেষে সাপ্লাইজ মজুদ আছে ৫০০ টাকা। ৩) সেবা প্রদত্ত হয়েছে এখনো বিল করা হয় নি ৩,০০০ টাকা।

ক) বেতন খরচের পরিমাণ নির্ণয় কর। ২
খ) প্রয়োজনীয় সমন্বয় দাখিলা প্রদান করো। ৪
গ) একটি ১০ কলামবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত কর। ৪

৭। একজন ব্যবসায়ীর প্রাপ্য হিসাব সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:

অনাদায়ী দেনা সঞ্চিতি (১-১-১৮) ১০,০০০ টাকা
অনাদায়ী দেনা হিসাবভুক্ত হয়েছে ৪,০০০ টাকা
অনাদায়ী দেনা হিসাবভুক্ত করতে হবে ৩,০০০ টাকা
প্রাপ্য হিসাব (০১-০১-১৮) ৪৩,০০০ টাকা

চলতি বছরে বাকিতে বিক্রয়	৬০,০০০ টাকা

প্রাপ্য হিসাবের উপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক) ২০১৮ সালের নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ কত? ২

খ) অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি সংক্রান্ত জাবেদা লিখ। ৪

গ) অনাদায়ী পাওনা হিসাব ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব তৈরি কর। ৪